# আজ রাষ্ট্রপতি নির্বাচনে প্রার্থিতা প্রত্যাহারের শেষ দিন




ছবি: সংগৃহীত

দেশের পরবর্তী রাষ্ট্রপতি নির্বাচনে অংশ নেওয়া প্রার্থীদের মনোনয়ন প্রত্যাহারের সুযোগ থাকছে আজ মঙ্গলবার (১৮ আগস্ট) বিকেল ৪টা পর্যন্ত। নির্ধারিত সময়ের পর আর প্রার্থিতা প্রত্যাহারের সুযোগ থাকবে না।

সোমবার (১৭ আগস্ট) নির্বাচন কমিশনের কর্মকর্তারা এ তথ্য জানান।

ইসি জানিয়েছে, কোনো প্রার্থী শেষ সময়ের মধ্যে সরে না দাঁড়ালে আগামী ২০ আগস্ট রাষ্ট্রপতি নির্বাচনের ভোট হবে। তফসিল অনুযায়ী, মঙ্গলবার মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন এবং বৃহস্পতিবার ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

ইসির সিনিয়র সচিব আখতার আহমেদ জানান, সংসদ ভবনের অধিবেশন কক্ষে দুপুর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ভোট নেওয়া হবে। সংসদ সদস্যরা ব্যালটে ভোট দিয়ে নির্ধারিত তিনটি বাক্সের যেকোনো একটিতে তা জমা দেবেন। ভোট শেষ হওয়ার পরপরই গণনা শুরু হবে এবং প্রধান নির্বাচন কমিশনার ফল ঘোষণা করবেন। পরে রাষ্ট্রপতি নির্বাচনের গেজেট প্রকাশের আনুষ্ঠানিকতা সম্পন্ন করা হবে।

এবারের নির্বাচনে বিএনপির প্রার্থী হিসেবে মনোনয়নপত্র জমা দিয়েছেন দলের মহাসচিব ও স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তার পক্ষে প্রস্তাবক হয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য আবদুল মঈন খান এবং সমর্থন দিয়েছেন গয়েশ্বর চন্দ্র রায়।

অন্যদিকে জামায়াতে ইসলামীর নেতৃত্বাধীন ১১ দলীয় জোট এলডিপি চেয়ারম্যান কর্নেল অলি আহমদকে রাষ্ট্রপতি পদে প্রার্থী করেছে। তার পক্ষে দুটি মনোনয়নপত্র জমা পড়েছে। প্রস্তাবক হিসেবে রয়েছেন জামায়াতের আমির ও ঢাকা-১৫ আসনের সংসদ সদস্য শফিকুর রহমান এবং সমর্থক হিসেবে আছেন এনসিপির নেতা ও নারায়ণগঞ্জ-৪ আসনের সংসদ সদস্য আব্দুল্লাহ আল আমিন।

প্রসঙ্গত, গত ২৪ জুলাই ২২তম রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন অসুস্থতার কারণ দেখিয়ে পদত্যাগ করেন। এরপর তার উত্তরসূরি নির্বাচনের জন্য ২০ আগস্ট ভোটের দিন রেখে তফসিল ঘোষণা করে নির্বাচন কমিশন।